# স্টেরয়েড

## কিছু জ্ঞাতব্য

**INSTITUTE OF PULMOCARE & RESEARCH**

CB-16, Near CA Island, Sector-I, Salt Lake
Kolkata - 700 064, INDIA. Phone : 2358 0424
**Website : www.pulmocareindia.org**

# স্টেরয়েড ঃ কিছু জ্ঞাতব্য

স্টেরয়েড নিয়ে আতংকের শেষ নেই ঃ অথচ এটি একটি জীবনদায়ী ওষুধ। নানা চিকিৎসায় এর ব্যবহার এবং অনেকক্ষেত্রেই এর উপযুক্ত বিকল্প আবিষ্কৃত নয়।

ফুসফুসের নানা চিকিৎসায় — যেমন হাঁপানি, আই এল ডি, সারকয়ডোসিস (sarcoidosis) ওয়েজেনার গ্রানুলোমাটোসিস্ (wegener's granulomatosis) প্রভৃতি অসুখে আমাদের বেশ বেশীমাত্রায় স্টেরয়েড ব্যবহার করতে হয়। এজন্য রুগীদের কিছু প্রয়োজনীয় তথ্য দেওয়া হল।

(১) কিছুদিন ধরে স্টেরয়েড চলবে এমন পরিস্থিতিতে ডাক্তারের কথা শুনুন, পার্শ্বপ্রতিক্রিয়া হলে জানান— হঠাৎ নিজে নিজে বা কারু কথা শুনে ওষুধ বন্ধ করবেন না।

(২) স্টেরয়েড ইনহেলার অত্যন্ত জরুরী — বিশেষতঃ হাঁপানিতে তা প্রায় পার্শ্বপ্রতিক্রিয়াহীন। আজকাল সম্পূর্ণ নিরাপদ স্টেরয়েড ইনহেলার বাজারে পাওয়া যায়।

(৩) পার্শ্বপ্রতিক্রিয়া সম্বন্ধে সম্যক জানা দরকার যাতে প্রয়োজনে উপযুক্ত সময়ে রুগী চিকিৎসকের পরামর্শ নিতে পারেন। এগুলি হল —

(ক) *রুগীর প্রতিরোধ ক্ষমতা কমে যাওয়ায় ইনফেকশন বা জীবাণু আক্রমণের সম্ভাবনা বেড়ে যাওয়া।*

*এই ইনফেকশন যেমন সাধারণ ব্যাকটেরিয়া থেকে হতে পারে তেমনি, টিবি, ছত্রাক বা তুলনামূলকভাবে সুস্থ মানুষের ক্ষেত্রে অসুখ সৃষ্টিতে ব্যর্থ হওয়া বিভিন্ন জীবাণু থেকে হতে পারে।*

(খ) দেহে সোডিয়াম ও জলের মাত্রা বেড়ে গিয়ে হাত পা ফুলতে পারে। তেমনি পটাশিয়াম কমে গিয়ে মাংসপেশীতে ব্যথা আঁকড়ে ধরা বা ক্রামপ (cramps) হতে পারে।

(গ) চোখে ছানি হতে পারে।

(ঘ) পেটে আলসার হতে পারে, পাকস্থলিতে রক্তক্ষরণ হতে পারে। স্টেরয়েড তাই খাবার পরেই খাওয়া উচিত।

(ঙ) শরীরে অতিরিক্ত চর্বি জমে। হাত-পা সরু সরু হয়ে যায় অথচ মুখ গোলাকার ও বুকে পেটে প্রচুর চর্বি জমে মোটা হতে দেখা যায়। স্টেরয়েডের জন্য খাবার পরিমাণও বেড়ে যায়।

(চ) মাংসপেশীর দুর্বলতা, বসলে উঠতে অসুবিধা, চুল আঁচড়াতে অসুবিধে প্রভৃতি দেখা যায়। তাছাড়া মাংসপেশীতে ব্যথার কথা বলা হয়েছে।

(ছ) হাড়ের ক্যালসিয়াম কমে গিয়ে হাড় দুর্বল হয় — এজন্য হাড় ভঙ্গুর হয়ে পড়ে।

(জ) চামড়া পাতলা হয় — সহজেই তাতে রক্ত বেরিয়ে চামড়ার নীচে লাল-খয়েরী দাগ হতে দেখা যায়।

(ঝ) কারু কারু মনের অবস্থা বা মুড বদলায়, এমনকি পাগলামির লক্ষণও দেখা যেতে পারে।

(৪) যেমন স্টেরয়েড নিজে নিজে হঠাৎ বন্ধ করা, বিপদজনক হতে পারে তেমনি নিজে নিজে স্টেরয়েড খেয়ে যাওয়াও বিপদজনক।

(৫) হাঁপানিতে নানা ধরনের চিকিৎসা পদ্ধতি আমাদের সমাজে চালু। অনেকসময় আয়ুর্বেদিক ওষুধের নামে স্টেরয়েড খাওয়ানো হয়েছে — এমনটি শোনা যায়। তাই কোন অপ্রচলিত পদ্ধতিতে চিকিৎসা করাতে রুগীরা সাবধান থাকবেন।

# আমাদের প্রতিষ্ঠান

অসুস্থ মানুষের সেবা, গবেষণা এবং স্বাস্থ্য সংক্রান্ত শিক্ষার ব্যবস্থা করা এই তিনটি উদ্দেশ্য নিয়ে আমাদের প্রতিষ্ঠান, "ইনসটিটিউট অব পালমোকেয়ার অ্যাণ্ড রিসার্চের" জন্ম।

দূষন, নগরায়ন, সংক্রামন প্রভৃতি কারনে শ্বাস ও বক্ষ সংক্রান্ত রোগের প্রাদুর্ভাব আজ উর্দ্ধমূখী।

আমরা এই রোগ গুলিকে সুনির্দ্রিষ্ট এবং সুসংগঠিত ভাবে মোকাবিলা করার চেষ্টা করছি এবং সাধ্যমত এদের প্রার্দুভাব ঠেকানোর প্রচেষ্টা চালাচ্ছি।

এই পর্যায়ে আমরা রুগী ও পরিজনের এবং চিকিৎসক ও অন্যান্য স্বাস্থ্য কর্মীদের সচেতন ও উপযুক্ত শিক্ষা দেবার প্রয়াসী। এই প্রতিষ্ঠানে আমরা আমাদের সাধ্যানুযায়ী গবেষনার কাজও করি — যা আমাদের দেশের বর্তমান পরিস্থিতির ও প্রয়োজনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

আমাদের প্রচেষ্টায় আমরা সকলের সহযোগিতা প্রার্থনা করি।